

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৯

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩২, ইলম ও আলিমের মর্যাদা

بَابٌ فِي فَضل ِ الْعِلْمِ وَالْعَالِمِ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَاصِمٍ، حَدَّتَنَا حَمَّادُ هُو ابْنُ سَلَمَةَ، عَنْ عَاصِمٍ، عَنْ زِرِّ قَالَ: غَدَوْتُ عَلَى صَفْوَانَ بْنِ عَسَّالٍ الْمُرَادِيِّ، وَأَنَا أُرِيدُ أَنْ أَسْأَلَهُ عَنِ الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ، فَقَالَ: مَا جَاءَ بِكَ؟ قُلْتُ: بَلَى. فَقَالَ: رَفَعَ الْحَدِيثَ إِلَى النَّبِيِّ جَاءَ بِكَ؟ قُلْتُ: بَلَى. فَقَالَ: رَفَعَ الْحَدِيثَ إِلَى النَّبِيِّ حَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَالَ: ﴿إِنَّ الْمَلَائِكَةَ لَتَضَعُ أَجْنِحَتَهَا لِطَالِبِ الْعِلْمِ، رِضًا بِمَا يَطْلُبُ

إسناده حسن

বাংলা

৩৬৯. আসিম বর্ণনা করেন, যার বলেন: আমি সাফওয়ান ইবনু আসসাল আল মুরাদীর নিকট এ উদ্দেশ্যে সকালে গিয়ে উপস্থিত হলাম যে, আমি তাকে চামড়ার মোজার উপর মাসেহ করা সম্পর্কে প্রশ্ন করবো। তখন তিনি আমাকে জিজ্ঞেস করলেন, কোন্ জিনিস তোমাকে (এখানে) নিয়ে এসেছে? আমি বললাম: ইলম অম্বেষণ। তিনি বলেন: আমি কি তোমাকে সুসংবাদ দেব না? আমি বললাম, নিশ্চয়ই। তখন তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পর্যন্ত সূত্র মিলিয়ে হাদীস বর্ণনা করলেন। তিনি বলেছেন: "নিশ্চয় ফেরেশতাগণ তালিবে ইলম'- (জ্ঞান শিক্ষার্থী)-এর জন্য তার (জ্ঞান) অম্বেষণে খুশী হয়ে তাদের ডানা বিছিয়ে দেন।[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: আবু খায়ছামা, আল ইলম নং ৫; এর পূর্ণ তাখরীজ করেছি আমি সহীহ ইবনু হিব্বান নং ১৩১৯-১৩২১,



১৩৩৫; ও মাওয়ারিদুয যাম'আন নং ৭৯, ১৭৯, ১৮০, ১৮৬ এ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন